গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
দুর্যোগব্যবস্থাপনাওত্রাণমন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশসচিবালয়, ঢাকা।

নং৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-৩১২ তারিখঃ ০৫/১০/২০১৬
সময়ঃ বিকাল ৪.০০ টা।

**বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

**নদীবন্দর সমুহের জন্য সতর্ক সংকেতঃ** (আজ রাত ১.০০টা পর্যন্ত):

ফরিদপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম ও সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদী বন্দরসমূহের জন্য ০১(এক) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**পূর্বাভাসঃ** খুলনা ও বরিশাল বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, রংপুর, ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ হাল্কা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী বর্ষনের সম্ভাবনা রয়েছে।
**তাপমাত্রাঃ** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে ।

**গত ২৪ ঘন্টায় বিভাগওয়ারী দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ।**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চতাপমাত্রা | ৩৬.১ | ৩৫.৫ | ৩৪.৬ | ৩৬.২ | ৩৬.০ | ৩৪.৮ | ৩৬.২ | ৩৩.০ |
| সর্বনিম্নতাপমাত্রা | ২৪.৮ | ২৫.৪ | ২৪.৩ | ২৪.২ | ২৫.৫ | ২৫.০ | ২৫.৮ | ২৩.৮ |

*দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সিলেট, যশোর ৩৬.২ ডিগ্রী সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল পটুয়াখলী ২৩.৮ ডিগ্রী সে.।

০২। **নদ-নদীর পানি হ্রাস /বৃদ্ধির সর্বশেষ অবস্থাঃ** (তথ্যসূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো)

| | | | |
|---|---|---|---|
| মোট পর্যবেক্ষণ পয়েন্টের সংখ্যা | ৯০ টি | পানি স্থিতিশীল রয়েছে | ০৩টি |
| পানি বৃদ্ধি পেয়েছে | ২০টি | তথ্য পাওয়া যায়নি | ০১টি |
| পানি হ্রাস পেয়েছে | ৬৬টি | বিপদসীমার উপরে দিয়ে প্রবাহিত হচ্ছে | ০ টি |

দেশের সকল নদ-নদীর পানি বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

**এক নজরে নদ-নদীর পরিস্থিতি**

- গঙ্গা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে অপরদিকে ব্রহ্মপুত্র-যমুনা, পদ্মা এবং সুরমা-কুশিয়ারা নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।
- আগামী ২৪ ঘন্টায় গঙ্গা নদীর পানি সমতল স্থিতিশীল থাকতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় পদ্মা নদীর পানি সমতল হ্রাস পেতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় ব্রহ্মপুত্র-যমুনা ও সুরমা-কুশিয়ারা নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস অব্যাহত থাকতে পারে।

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ** (গতকাল সকাল ৯.০টা থেকে আজ সকাল ৯.০টা):

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| চাঁদপুর | ৭০.০ | পটুয়াখালী | ৫৪.২ |
| রামগড় | ৪৮.৪ | নোয়াখালী | ৪৭.৮ |

০৩। **ভবন ধসঃ**

**রাংগামাটিঃ** জেলা ত্রাণ ওপুর্নবাসন কর্মকর্তা জানান, গতকাল ০৪.১০.২০১৬ তারিখ বিকাল ৫.০০টার সময় রাংগামাটি জেলার সরকারী মহিলা কলেজের পিছনে একটি দোতলা ভবন ধসে লেকের পানিতে দেবে যায়। সংবাদ পেয়ে বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী এবং ফায়ার সার্ভিসের উদ্ধারকারী দল দ্রুত ঘটনাস্থলে গিয়ে উদ্ধার তৎপরতায় অংশ নেয়। উক্ত ভবনের নিচ থেকে ০৫(পাঁচ) জনের মৃতদেহ উদ্ধার করা হয়েছে। ভবনে বসবাসরত ০৪টি পরিবারের অন্যান্য সকল সদস্যকে জীবিত উদ্ধার করা হয়েছে। বর্তমানে উদ্ধার কাজের সমাপ্তি ঘোষণা করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক মৃত ০৫ জনের পরিবারকে পরিবার প্রতি ২০,০০০/- টাকা করে মোট ১,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

০৪। **অগ্নিকান্ডঃ**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষ থেকে জানানো যে, আজ ০৫.১০.২০১৬ তারিখ দুপুর ১-৫৫ টায় ঢাকার হাজারীবাগ বস্তিতে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ৭টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে উপস্থিত হয়ে দুপুর ০২-৩০টায় আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়। আগুনে কেউ হতাহত হয়নি। ক্ষয়ক্ষতি এবং অগ্নিকান্ডের কারণ এখনও পর্যন্ত জানা যায়নি।

দুর্যোগ পরিস্থিতি মনিটরিংকরার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের **NDRCC** (জাতীয়দুর্যোগসাড়াদানসমন্বয়কেন্দ্র) ২৪ ঘন্টা (৭**X**২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য **NDRCC'**রনিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ **email** নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ**NDRCC'**র টেলিফোন নম্বরঃ ৯৫৪৫১১৫, ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬; উপসচিব (এনডিআরসিসি) ৯৫৪৬৬৬৩;
মোবাইল নম্বরঃ ০১৯৩৭-১৬৩৫৮২ (অতিরিক্ত সচিব, দুব্যক) এবং ০১৫৩৬-২৩৯২৬০ (উপসচিব, এনডিআরসিসি)

**ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০; Email:**ড়প্পী স্প্ল@হু ী স্ছ ী -স্নী কৃ-স্প্র

**স্বাক্ষরিত/-**
**(জি এম আব্দুল কাদের )**
উপ-সচিব (এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৬৬৬৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ**

০১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব, দুর্যোগব্যবস্থাপনাওত্রাণমন্ত্রণালয়।
০৫। প্রিন্সিপাল ষ্টাফ অফিসার,সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/দুঃব্যঃ/ত্রাণ/দুব্যক), দুর্যোগব্যবস্থাপনাওত্রাণমন্ত্রণালয়।
০৮। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব),দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী,ঢাকা।
৯। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১০। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগব্যবস্থাপনাও ত্রাণ মন্ত্রণালয়।
১১। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১২। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
১৩। প্রধানতথ্যকর্মকর্তা,পিআইডি,বাংলাদেশসচিবালয়,ঢাকা।ইলেক্ট্রোনিকওপ্রিন্টমিডিয়াতেপ্রচারেরজন্য অনুরোধ করা হলো।
১৪। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগব্যবস্থাপনাও ত্রাণ মন্ত্রণালয়।